

আয-যুমার | Az-Zumar | الزُّمَر

আয়াতঃ ৩৯ : ৫২

আরবি মূল আয়াত:

أَوَلَمْ يَعْلَمُوا أَنَّ اللَّهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ وَيَقْدِرُ ۚ إِنَّ فِي ذَلِكَ
لَآيَاتٍ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ﴿٥٢﴾

অনুবাদসমূহ:

তারা কি জানে না, আল্লাহ যার জন্য ইচ্ছা করেন রিযক প্রস্তুত করে দেন আর সঙ্কুচিত করে দেন? নিশ্চয় এতে মুমিন সম্প্রদায়ের জন্য নিদর্শনাবলী রয়েছে। — আল-বায়ান

এরা কি জানে না যে, আল্লাহ যার জন্য ইচ্ছে রিযক প্রস্তুত করেন আর (যার জন্য ইচ্ছে) সংকুচিত করেন? মু'মিন লোকদের জন্য অবশ্যই এতে বহু নিদর্শন আছে। — তাইসিরুল

তারা কি জানেনা, আল্লাহ যার জন্য ইচ্ছা তার রিযক বৃদ্ধি করেন অথবা হ্রাস করেন। এতে অবশ্যই নিদর্শন রয়েছে মু'মিন সম্প্রদায়ের জন্য। — মুজিবুর রহমান

Do they not know that Allah extends provision for whom He wills and restricts [it]? Indeed in that are signs for a people who believe. — Sahih International

৫২. তারা কি জানে না, আল্লাহ যার জন্য ইচ্ছে রিযিক প্রস্তুত করেন, আর সীমিত করেন? নিশ্চয় এতে নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য, যারা ঈমান আনে।

তাফসীরে জাকারিয়া

(৫২) ওরা কি জানে না যে, আল্লাহ যার জন্য ইচ্ছা তার রুযী বর্ধিত করেন অথবা হ্রাস করেন? এতে অবশ্যই বিশ্বাসী সম্প্রদায়ের জন্য নিদর্শন রয়েছে।[1]

[1] অর্থাৎ, রুযীর প্রস্তুততা ও সংকীর্ণতার মধ্যেও আল্লাহর তাওহীদের দলীল বিদ্যমান। অর্থাৎ, এ থেকে প্রতীয়মান হয় যে, বিশ্বজাহানে কেবল তাঁরই নির্দেশ ও কর্তৃত্ব চলে। তাঁরই পরিচালনা ও নিয়ন্ত্রণ-ক্ষমতা কার্যকর ও প্রভাবশীল। এই জন্য তিনি যাকে চান তাকে প্রচুর ধন দিয়ে ধন্য করেন এবং যাকে চান তাকে অভাব-অনটনে নাজেহাল করেন। তাঁর এই বিচার-বিবেচনায় -- যা তাঁর সুকৌশল ও ইচ্ছার উপর প্রতিষ্ঠিত -- না কেউ হস্তক্ষেপ

করতে পারে, আর না তাতে কোন পরিবর্তন সাধন করতে পারে। তবে এই নিদর্শনাবলী কেবল ঈমানদারদের জন্যই ফলপ্রসূ হয়। কেননা, তারাই এগুলো নিয়ে চিন্তা-গবেষণা করে উপকৃত হয় এবং আল্লাহর ক্ষমা লাভ করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4110>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন